

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
আইসিটি শাখা
www.rajshahidiv.gov.bd

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১৭.০৪.০০১.২৪.৫৩

বিষয়: জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের তথ্য বাতায়নের সকল তথ্য নিয়মিত হালনাগাদসহ রিপোর্ট আপডেট শতভাগ নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কর্মসম্পাদন সূচক ৫.১.২ অনুযায়ী আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যকে সামনে রেখে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিসকে জাতীয় তথ্য বাতায়নে অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এ বিভাগের জেলা ও উপজেলা অফিসের ওয়েব পোর্টালে তথ্য যথাযথভাবে নিয়মিত হালনাগাদ করা হচ্ছে না এবং এপিএ সংশ্লিষ্ট সেবা বক্সসমূহ যেমন অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা, আপীল কর্মকর্তা, মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন, জাতীয় শুদ্ধাচার এর ত্রৈমাসিক প্রতিবেদন, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও তথ্য অধিকারের সেবা বক্স প্রতিবেদন আপলোড ও ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন, সেবা প্রদান প্রতিশ্রুতি প্রকাশের তারিখসহ সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড ও ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন, ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির, ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক প্রতিবেদন, রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ইত্যাদি যথাযথ সময়ে নিয়মিতভাবে হালনাগাদ করা একান্ত জরুরী।

২। এমতাবস্থায়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিসের ওয়েব পোর্টালের সকল তথ্য নিয়মিত হালনাগাদকরণসহ রিপোর্ট শতভাগ উন্নীত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮-০৯-২০২৪

মোহাম্মদ কবির উদ্দীন

অতিরিক্ত বিভাগীয় কমিশনার

০২৫৮৮৮৫৭১০২ (ফোন)

০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)

acdev_divcom@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, রাজশাহী/ন্যটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/বগুড়া/সিরাজগঞ্জ/জয়পুরহাট এবং
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী বিভাগ।

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১৭.০৪.০০১.২৪.৫৩/১ (২)

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রোগ্রামার, সকল জেলা, রাজশাহী বিভাগ এবং
- ২। সহকারী প্রোগ্রামার, সকল উপজেলা, রাজশাহী বিভাগ।



Muddin

০৮-০৯-২০২৪

মোহাম্মদ কবির উদ্দীন
অতিরিক্ত বিভাগীয় কমিশনার